

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ,
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তপশিলে উল্লিখিত মামলার আসামিদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারি কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামিদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামিগণ গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিদেরকে শীঘ্রই গ্রেফতার করিবার আশু কোনো সম্ভাবনা নাই সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল “ল” এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামিগণের নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তপশিল

ক্রম নং	মামলা নং	আসামির /নাম ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
০১	স্পেশাল মামলা নং-১৯/ ২০২৩ ডবলমুরিং থানার মামলা নং- ০৯(১) ১৮, এ. সি. সি. জি. আর-০৩/ ১৮।	১। এ কে এম সাজেদুর রহমান, সাবেক ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, সেনা কল্যাণ ভবন, মতিঝিল, ঢাকা, পিতা-মৃত হাবিবুর রহমান, হাউজ নং-০৭, রোড নং-১৬, সেক্টর-১৪, উত্তরা মডেল টাউন, ঢাকা।	ধারা-দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।	০৮-০৪-২০২৪ ইং

(৫৪৮৫)

মূল্য :৪.০০

ক্রম নং	মামলা নং	আসামির /নাম ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
	স্পেশাল মামলা নং-১৯/ ২০২৩ ডবলমুরিং থানার মামলা নং- ০৯(১) ১৮, এ. সি. সি. জি. আর-০৩/ ১৮।	২। শেখ আব্দুল হাই বাচ্চু, সাবেক চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিকি ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় ঢাকা, পিতা-মৃত শেখ আব্দুল হামিদ, স্থায়ী ঠিকানা: গ্রাম ও ডাকঘর: আড়ুয়ারদীহি, থানা-মোল্লারহাট, জেলা- বাগেরহাট, বর্তমান ঠিকানা: বাড়ি নং ২/২ এ, রোড নং-০৪, ডিওএইচএস (পুরাতন), বনানী, ঢাকা। ৩। শাহ আলম ভূইয়া, সাবেক মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব, বেসিকি ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, পিতা: মৃত আব্দুর রশীদ ভূইয়া, বর্তমান ঠিকানা: ২৭ খন্দকার গলি, সিদ্ধেশ্বরী রোড, রমনা, ঢাকা, স্থায়ী ঠিকানা: এপার্টমেন্ট নং-বি-৪, ৭৮ পশ্চিম ধানমন্ডি, ঢাকা।	ধারা-দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের ২ নং দূর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।	০৮-০৪-২০২৪ ইং

বেগম জেবুননেছা
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ,
চট্টগ্রাম।